দৈঃ জনকণ্ঠ

5

তারিখ 25 MAY 1996
পৃষ্ঠা ৭ কলাম ৬

# বিভাগীয় চেয়ারম্যানের অপসারণ দাবীতে ইসলামী ভার্সিটিতে ধর্মঘট পালিত

ইঃ বিঃ রিপোর্টার, ২৪ মে ঃ পরীক্ষার খাতায় দুর্নীতির অভিযোগে অভিযুক্ত ইসলামী বিশ্ববিদ্যালয়ের আল-কুরআন বিভাগের চেয়ারম্যান অধ্যাপক তাহির আহমদকে বিশ্ববিদ্যালয় হতে বহিষ্কারের দাবীতে ছাত্র শিবিরের ডাকে আজ বৃহস্পতিবার সকাল ৭টা থেকে বেলা ১২টা পর্যন্ত ধর্মতত্ত্ব ও ইসলামী শিক্ষা অনুষদের ৩টি বিভাগে শান্তিপূর্ণ ধর্মঘট পালিত হয়েছে। ধর্মঘটের ফলে ক্লাস ও পরীক্ষাসমূহ অনুষ্ঠিত হয়নি বলে জানা গেছে। ধর্মঘট শেষে এক সমাবেশে আগামী শনিবার পূর্ণ দিবস ধর্মঘট আহবান করা হয়েছে। পরিস্থিতি নিরসনের জন্য বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর প্রফেসর ইনাম-উল হক ছাত্র উপদেষ্টা ফয়েজ মুহাম্মদ সিরাজুল হককে আহবায়ক করে ৩ সদস্য বিশিষ্ট কমিটিকে দায়িত্ব প্রদান করেছেন।